রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৪ সনের ২৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৩, ২০২৪

## সূচীপত্র

| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম | খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৯৯—৩০৯ |
| ২য় | খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯২৯—৯৬৪ |
| ৩য় | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম | খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৬৫—৫৭৬ |
| ৭ম | খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম | খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) | . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) | . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০/২৯ ফেব্রুয়ারি ২০২৪

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৫.২৪.৩৫**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | শীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পশ্চিম কৃষ্ণপুর | ৯৯ | ৬৩ | ১ | নোয়াখালী সদর | নোয়াখালী |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.১৫.৩৬**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ০১ | মগর | ১৬ | নলছিটি | ঝালকাঠি |
| ০২ | কাটিপাড়া | ১৯ | নলছিটি | ঝালকাঠি |
| ০৩ | রায়পাশা | ২৭ | নলছিটি | ঝালকাঠি |
| ০৪ | বহরমপুর | ২৮ | নলছিটি | ঝালকাঠি |
| ০৫ | উত্তমাবাদ | ২৯ | নলছিটি | ঝালকাঠি |
| ০৬ | ষাইট পাখিয়া চর | ৩০ | নলছিটি | ঝালকাঠি |
| ০৭ | নলছিটি | ৪৩ | নলছিটি | ঝালকাঠি |
| ০৮ | হদুয়া | ৭৩ | নলছিটি | ঝালকাঠি |
| ০৯ | ইসলামাবাদ | ৭৬ | নলছিটি | ঝালকাঠি |
| ১০ | অনুরাগ দরিচর | ১২০ | নলছিটি | ঝালকাঠি |
| ১১ | অনুরাগ | ১২১ | নলছিটি | ঝালকাঠি |
| ১২ | চর তিমির কাটী | ১২৬ | নলছিটি | ঝালকাঠি |
| ১৩ | পশ্চিম চর দপদপিয়া | ১২৭ | নলছিটি | ঝালকাঠি |
| ১৪ | তিমিরকাটী | ১২৮ | নলছিটি | ঝালকাঠি |
| ১৫ | পূর্ব চর দপদপিয়া | ১২৯ | নলছিটি | ঝালকাঠি |
| ১৬ | দপদপিয়া | ১৩০ | নলছিটি | ঝালকাঠি |
| ১৭ | রামনা কাটী | ১৪৬ | নলছিটি | ঝালকাঠি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এসএম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রি.

**নং ০২-সলিসিটর/২০০৯(অংশ-১)-২৮**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহকারী অ্যাটর্নি জেনারেল জনাব আফরোজা নাজনীন আক্তার কর্তৃক দাখিলকৃত পদত্যাগ পত্রটি সরকার পক্ষে গৃহীত হয়েছে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুনা নাহিদ আকতার**
সলিসিটর।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০/২৮ ফেব্রুয়ারি ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৮৬**—আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সারাদেশে 'আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬' এর ৩১ (ক) অনুচ্ছেদে বর্ণিত লাইসেন্স নবায়নের সময়সীমা শুধুমাত্র ২০২৩ সালের লাইসেন্স নবায়নের সময়সীমা ১৫ মার্চ ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাবিবুল হাসান**
সিনিয়র সহকারী সচিব।

## শৃঙ্খলা-২ শাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০/২৮ ফেব্রুয়ারি ২০২৪

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.১২২.২৩-১২০**—যেহেতু, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব কামরুল ফারুক (বিপি-৭২০১০৩৩৮৩৭), বর্তমানে ঢাকা জেলায় কর্মরত এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-৪৪/২০২২, তারিখঃ ১৬-০৩-২০২২ রুজু করা হয়। অভিযোগের অনুসন্ধান প্রতিবেদন, মৌখিক বক্তব্য, ব্যাখ্যা তলবের জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষাঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ঘ) অনুযায়ী ০৩ (তিন) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ০৭-০২-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব কামরুল ফারুক (বিপি-৭২০১০৩৩৮৩৭), বর্তমানে ঢাকা জেলায় কর্মরত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(ঘ) মোতাবেক ০৩ (তিন) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" দণ্ডের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৭.২৩-১২১**—যেহেতু, জনাব হরেন্দ্রনাথ সরকার, পিপিএম, বিপি-৬৮৯৩০৩৭২৮৮, বর্তমানে নিরস্ত্র পুলিশ পরিদর্শক, গোয়েন্দা শাখা, কেএমপি, খুলনা জেলা ইতঃপূর্বে অফিসার ইনচার্জ ঝিনাইদহ জেলার সদর থানায় কর্মরত থাকাকালে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-৩৯/১৯, তারিখ ১৭-১২-২০১৯ রুজু করা হয়। অভিযোগের অনুসন্ধান প্রতিবেদন, মৌখিক বক্তব্য, ব্যাখ্যা তলবের জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষাঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী আগামী ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২৩-০১-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তাকে প্রদত্ত দণ্ড যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়; এবং

০৪। সেহেতু, জনাব হরেন্দ্রনাথ সরকার, পিপিএম, বিপি-৬৮৯৩০৩৭২৮৮, বর্তমানে নিরস্ত্র পুলিশ পরিদর্শক, গোয়েন্দা শাখা, কেএমপি, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত" লঘুদণ্ডের আদেশ বহাল রাখা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৯.২৩.১২৩**—যেহেতু, জনাব মোঃ বজলুর রশিদ (বিপি-৬৮৮৬০৪১৩১৩), সহকারী টেলিকম অফিসার (পুলিশ পরিদর্শক), বর্তমানে বেতার, কন্ট্রোলরুম, ডিএমপি, ঢাকায় কর্মরত এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০২/২০১৯, তারিখঃ ১৫-০৪-২০২০ রুজু করা হয়। অভিযোগের অনুসন্ধান প্রতিবেদন, মৌখিক বক্তব্য, ব্যাখ্যা তলবের জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষাঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ০৬-০২-২০২৪ তারিখে তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, জনাব মোঃ বজলুর রশিদ (বিপি-৬৮৮৬০৪১৩১৩), সহকারী টেলিকম অফিসার (পুলিশ পরিদর্শক), বর্তমানে বেতার, কন্ট্রোলরুম, ডিএমপি, ঢাকায় কর্মরত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(ক) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" দণ্ডের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৬২.২৩-১২৪**—যেহেতু, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ আহসান উল্লাহ (বিপি-৭৬০২০৪৬৪৩৯), বর্তমানে কিশোরগঞ্জ জেলায় কর্মরত, এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-২২৮/২০২১, তারিখ: ১৬-১২-২০২১ রুজু করা হয়। অভিযোগের অনুসন্ধান প্রতিবেদন, মৌখিক বক্তব্য, ব্যাখ্যা তলবের জবাব, ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী আগামী ০৩ (তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্দ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২৮-০১-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ আহসান উল্লাহ (বিপি-৭৬০২০৪৬৪৩৯), বর্তমানে কিশোরগঞ্জ জেলায় কর্মরত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ০৩(তিন) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৮.২৩.১২৬**—যেহেতু, ঢাকা জেলার সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ জাকির হোসেন (বিপি-৬৫৮৪০৩৪৬২৩), এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-১৪৩/২০ তারিখ: ০১-১২-২০২০ রুজু করা হয়। অভিযোগের অনুসন্ধান প্রতিবেদন, মৌখিক বক্তব্য, ব্যাখ্যা তলবের জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষাঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী আগামী ০২ (দুই) বছরের জন্য "বার্ষিক বেতনবৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ০৬-০২-২০২৪ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, ঢাকা জেলার সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ জাকির হোসেন (বিপি-৬৫৮৪০৩৪৬২৩), এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২১.২১-১২৭**—যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হাসান চৌধুরী (বিপি-৮৭১৬১৭৮৩৬৫), সহকারী পুলিশ সুপার, ১০ এপিবিএন, বরিশাল ইতোপূর্বে সুনামগঞ্জ জেলার, জগন্নাথপুর সার্কেলে সহকারী পুলিশ সুপার হিসেবে কর্মকালে জগন্নাথপুর থানার মামলা নং-০৪, তারিখ: ০৮-০৫-২০২০, ধারা-১৪৩/৪৪৭/৪৪৮/৩২৪/৩২৫/৩২৬/৩০৭/ ৩৮০/ ৪২৭/১১৪ মোতাবেক মামলা রুজু হলে মামলার বাদী হাফেজ মোঃ সালেহ আহমদ তালুকদারকে বিবাদীগণ কর্তৃক ধারালো অস্ত্র দ্বারা কোপ দিলে তার হাতের একটি আঙ্গুল কেটে পড়ে যাওয়ার সংবাদের মামলার ভিত্তিতে ঘটনাস্থল পরিদর্শনকালীন ভিকটিমের মা ছেলের হাত কাটার রক্ত দেখালে তিনি "মুরগীর রক্ত কেন দেখাচ্ছেন" বলে অহেতুক তর্কে জড়িয়ে পড়েন। মামলার আসামি মমিনুল হাসান চৌধুরীকে তদন্তকারী অফিসার গ্রেফতারের চেষ্টা করলে "আসামী ধরার চেষ্টা কেন করছেন" মর্মে তদন্তকারী অফিসারকে ধমক দেন ও আসামিদের সাথে সখ্যতা গড়ে তোলেন এবং আসামীদের গ্রেফতার এড়াতে সাহায্য করেন। তিনি জগন্নাথপুর থানার মামলা নং-১৪, তারিখঃ ১৭-০৪-২০২০, ধারা -১৯৭৪ সনের বিশেষ ক্ষমতা আইনের ২৫ (১) এজাহারভুক্ত আসামি নোমান হোসেনকে জগন্নাথপুর থানার পুলিশ গ্রেফতার করতে গেলে তিনি গ্রেফতার না করতে উৎকোচ নিয়েছেন মর্মে তথ্য পাওয়া যায়। এছাড়া জগন্নাথপুর থানার-১৪(০৪) ২০২০ নং মামলার এজহারভুক্ত আসামি নোমান হোসেন ও জগন্নাথপুর থানার মামলা নং-০৪(০৫) ২০২০ এর এজাহারভুক্ত আসামি মমিনুল হাসান চৌধুরীকে গ্রেফতারের জন্য অভিযান পরিচালনা করার অগ্রীম তথ্য তিনি আসামিদের জানিয়ে দেন মর্মে অভিযোগ পাওয়া যায়। বর্ণিত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে গত ১১-০৮-২০২১ তারিখ ৪৪.০০. ০০০০. ০৫৮.২৭.০২১.২১-১৮৫ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। তৎপ্রেক্ষিতে গত ১৬-০৯-২০২১ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২৬-০৬-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক উক্ত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন প্রদান করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মাহমুদুল হাসান চৌধুরী (বিপি-৮৭১৬১৭৮৩৬৫), সহকারী পুলিশ সুপার, ১০ এপিবিএন, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন; এবং

সেহেতু, জনাব মোঃ মাহমুদুল হাসান চৌধুরী (বিপি-৮৭১৬১৭৮৩৬৫), সহকারী পুলিশ সুপার, ১০ এপিবিএন, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি, তদন্ত প্রতিবেদন এবং সার্বিক পর্যালোচনা করে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১১৬.২৩.১২৮**—যেহেতু, জনাব মঈন উদ্দিন আহমেদ (বিপি-৬৭৯৫০৫০১১৪), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বর্তমানে ট্যুরিস্ট পুলিশ ঢাকায় কর্মরত এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-৪০/২১, তারিখঃ ০৯-০৩-২০২১ রুজু করা হয়। অভিযোগের অনুসন্ধান প্রতিবেদন, মৌখিক বক্তব্য, ব্যাখ্যা তলবের জবাব, তদন্ত প্রতিবেদন ও আনুষাঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) অনুযায়ী আগামী ০২ (দুই) বছরের জন্য "বার্ষিক বেতনবৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে তিনি আপিল আবেদন করেন;

০২। যেহেতু, তার আবেদন অনুযায়ী ২৮-১২-২০২৩ তারিখ তার আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে অভিযুক্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকারপূর্বক দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

০৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানি কালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড হ্রাস করা যথাযথ হবে মর্মে প্রতীয়মান হয়;

০৪। সেহেতু, জনাব মঈন উদ্দিন আহমেদ (বিপি-৬৭৯৫০৫০১১৪), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, বর্তমানে ট্যুরিস্ট পুলিশ ঢাকায় কর্মরত এর আপিল আবেদন এর সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং সার্বিক পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক ০২ (দুই) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক ০১ (এক) বছরের জন্য "বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" দণ্ডের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩০.২০২০-১২৯**—যেহেতু, জনাব মোঃ নাজমুস সাকিব (বিপি-৮৭১৬১৭৮৩৯০), সহকারী পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত ইতঃপূর্বে এপিবিএন ও বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি কর্মরত থাকাকালে (ক) ১২-০৭-২০১৯ তারিখ তালাক দেয়ার ভয় দেখিয়ে তার স্ত্রীকে (ইসরাত রহমান) গর্ভপাত করাতে বাধ্য করা; এবং ২৭-০৯-২০১৯ তারিখে তার স্ত্রীকে গরম বস্তু দিয়ে ছ্যাকা জখম করার, (খ) তার স্ত্রীকে ২০১৯ সালের ডিসেম্বর মাসের এক রাত্রিতে নাকে রক্তাক্ত জখম করার এবং তার স্ত্রীর অন্তস্বত্তা অবস্থায় পেটে লাথি মেরে শারীরিক নির্যাতন করার অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২১-০৩-২০২১ তারিখ ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩০.২০২০-৭৭ নং স্মারক মূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ২২-০৪-২০২১ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ০১-০৩-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানিতে পক্ষগণের প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি বিবেচনা করে অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য ৩০-০৬-২০২২ তারিখে উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ নাজমুস সাকিব (বিপি-৮৭১৬১৭৮৩৯০), সহকারী পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন। সার্বিক পর্যালোচনায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি অনুসারে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় তদপ্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন;

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তার মতামত, ২য় কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে অভিযুক্তের জবাব পর্যালোচনান্তে অভিযুক্তকে লঘুদণ্ডে দণ্ডিত করা যুক্তিযুক্ত প্রতীয়মান হয়।

০৫। সেহেতু, জনাব মোঃ নাজমুস সাকিব (বিপি-৮৭১৬১৭৮৩৯০), সহকারী পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরের সংযুক্ত এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(খ) মোতাবেক আদেশ প্রদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য "১টি বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**নির্মাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৯.০০.০০০০.১৩১.৯৯.০০৭.২৩-৪৬**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের "ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট" শীর্ষক অপারেশনাল প্ল্যান (ওপি)-এর আওতায় নির্মিত ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন সাখুয়া ইউনিয়নের মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম "সাখুয়া ইউনিয়ন ইছাহাক আলী বেপারী ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" হিসেবে নামকরণ করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু বকর সিদ্দিক**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখঃ ১৭ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

নং **৪০.০০.০০০০.০১৬.০৩২.০০৫.১৬.১৫**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৮ এর উপ-ধারা (৪), এ প্রদত্ত ক্ষমতাবলে উপ-ধারা (৩) মোতাবেক সরকার 'টি প্যাকেটিং' শিল্প সেক্টরের যথাক্রমে মালিক ও শ্রমিকপক্ষের প্রতিনিধিত্ব করিবার উদ্দেশ্যে নিম্নবর্ণিত ব্যক্তিদ্বয় কে এতদ্বারা নিম্নতম মজুরি বোর্ডের সদস্য নিয়োগ করিল;

(ক) সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব ডঃ ইঞ্জিনিয়ার গোলাম মোস্তফা (জাতীয় পরিচয়পত্র নম্বরঃ ৩৭২৬৪২০৬২৭), জেনারেল ম্যানেজার, ইস্পাহানি টি লিমিটেড, ইস্পাহানি বিল্ডিং, আগ্রাবাদ, চট্টগ্রাম; ফ্যাক্টরিঃ টি ব্লেন্ডিং এন্ড প্যাকেজিং ফ্যাক্টরি, ১৯১৬/২০৭২, পাহাড়তলী, চট্টগ্রাম। স্থায়ী ঠিকানাঃ আনন্দধারা, বাসা নং ১৩২, রোড নং-১২, ব্লক নং-১/৩, নিউ কলেজ রোড, জাসালপুর-২০০০। বর্তমান ঠিকানাঃ ইস্পাহানি কমপ্লেক্স, জাকির হোসেন রোড, পাহাড়তলী-৪২০২, খুলশী, চট্টগ্রাম, মোবাইল নম্বরঃ ০১৯৩৭৯০০০৩২;

(খ) সংশ্লিষ্ট শিল্পের শ্রমিকগণের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব মোঃ জাকারিয়া আহমেদ (জাতীয় পরিচয়পত্র নম্বর-২৮৪৯৪৬৫০৭১), সভাপতি, বাংলাদেশ টি এস্টেট স্টাফ এসোসিয়েশন (রেজিঃ নং-বি-২৫১), গুহা রোড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ মাজদিহি, পোস্টঃ নারায়নছড়া, উপজেলাঃ শ্রীমঙ্গল, জেলা মৌলভীবাজার। বর্তমান ঠিকানাঃ হিংগাজিয়া টি এস্টেট, পোস্টঃ কাজলদারা, উপজেলাঃ কুলাউড়া, জেলাঃ মৌলভীবাজার। মোবাইল নম্বরঃ ০১৭১১২৩৩২৭০।

তারিখঃ ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

নং **৪০.০০.০০০০.০১৬.০৩২.০৩.১৬-২৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে উপ-ধারা (৩) এর দফা (ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস. আর. ও নং-১৭৮-আইন/২০২০, ৬ জুলাই ২০২০ এর প্রজ্ঞাপনের দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ

(ক) "সল্ট ক্রাশিং" শিল্পের মালিকগণের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব মুহাম্মদ ফজলুল হক (জাতীয় পরিচয় পত্র নম্বরঃ ১৫২৬১০১৮০০২৯৬), স্বত্বাধিকারী, মেসার্স আল্লাই সল্ট ক্রাশিং এন্ড রিফাইনারী ইন্ডাস্ট্রিজ, ইন্দ্রপোল শিল্প এলাকা, পটিয়া, চট্টগ্রাম ও সাধারণ সম্পাদক, পটিয়া লবণ মিল মালিক সমিতি, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-আল্লাই, এইচ/২৯৭, হক সাহেবের বাড়ী, ডাকঘর-উজিরপুর-৪৩৭০, পটিয়া পৌরসভা, পটিয়া, চট্টগ্রাম, বর্তমান ঠিকানাঃ গ্রাম-আল্লাই, এইচ/২৯৭, হক সাহেবের বাড়ী, ডাকঘর-উজিরপুর-৪৩৭০, পটিয়া পৌরসভা, পটিয়া, চট্টগ্রাম, মোবাইল নম্বরঃ ০১৮১৯৮০৬৩৪৩।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৪.২৪.২৮১**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | সীট সংখ্যা | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | গান্ধিনা | ২৬৪ | ১২৭৯ | কালিহাতি | ০২ | টাঙ্গাইল | |

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | সীট সংখ্যা | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | রামপুর | ২৬১ | ৩৩১৩ | কালিহাতি | ০২ | টাঙ্গাইল | |
| ৩ | বোয়ালী | ১৮৮ | ১০১৫ | মধুপুর | ০১ | টাঙ্গাইল | মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৭০/২০২৩ রীট থাকায় রীট সংশ্লিষ্ট ১১৫, ১১৭ ও ১০০৯ নং খতিয়ান ব্যতীত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২৫ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.২৭৩**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955, এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | উত্তর মল্লিকপুর | ৭৯ | ১১৪৩ | ০১ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ০২ | মোহন মুকুন্দ | ৮৪ | ৬০৭ | ০১ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ০৩ | বাঁশতলা | ১৭ | ২১২ | ০২ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ |
| ০৪ | কলাউড়া | ২০ | ৫৫৮ | ০১ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ |
| ০৫ | ঘিলাতলী | ২৯ | ৩৭৭ | ০১ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ |
| ০৬ | মহব্বতপুর | ৭৭ | ২৪৯ | ০১ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ |
| ০৭ | ডাউকুরকারা | ১১৩ | ১২৩১ | ০২ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ |

ভূমি মন্ত্রণালয়ের ২৫ অক্টোবর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১০.১৭.২৩৩ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন এর সংশ্লিষ্ট অংশ (ক্রমিক নং-২১ থেকে ২৭ পর্যন্ত) নির্দেশক্রমে বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২৪ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৮.২৪.২৬৯**—The State Acquisition And Tenancy Act. 1950(Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955, এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | দক্ষিণ সিন্দুরিয়া | ৬২ | ১০৭০ | ০৬ | সাভার | ঢাকা | |
| ০২ | সাধুপাড়া | ৯২ | ৪৮৭ | ০৪ | সাভার | ঢাকা | |

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০৩ | নিকরাইল | ১৮৩ | ৮৮৭ | ০৫ | সাভার | ঢাকা | |
| ০৪ | কোনাপাড়া | ৭৯ | ১৩১৬ | ০২ | গাজীপুর সদর | গাজীপুর | মহামান্য হাইকোর্ট বিভাগে ৪৯০৫/২০২২ নং রীট পিটিশন দায়ের থাকায় উক্ত রীট পিটিশন সংশ্লিষ্ট ০২ নং খতিয়ান ব্যতীত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.১৫.২৬৬**—The State Acquisition And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955, এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্ন বর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | আটখালী | ৫৬ | ২২৭৬ | ০৭ | গলাচিপা | পটুয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২১ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৯.২৪.২৬৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955, এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বানদিঘী | ৭২ | ২৭৬১ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ০২ | শেরকোল | ১৫৮ | ১৮০১ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ০৩ | পারটেকুর | ১৮০ | ১৬৫১ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ০৪ | সাবরুল | ১৮৫ | ২০৯৯ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ০৫ | দ্বারিকাপাড়া | ১০৮ | ৬৮৮ | ৩ | শেরপুর | বগুড়া |
| ০৬ | বাগড়া | ১১১ | ১৪২৬ | ২ | শেরপুর | বগুড়া |
| ০৭ | চৌবাড়িয়া | ১৪৭ | ১০৫৪ | ২ | শেরপুর | বগুড়া |
| ০৮ | ভাটড়া | ১৫৫ | ৮৮৫ | ১ | শেরপুর | বগুড়া |

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০৯ | খোর্দ্দ বলালী | ৫১ | ১০২২ | ২ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১০ | খামার বলালী | ৫২ | ১৬৭৯ | ৩ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১১ | পারতিতপলল | ৫৯ | ১৫৩৬ | ২ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১২ | হিন্দুকান্দি | ৬০ | ৬১৫ | ১ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১৩ | ধাপ | ৬১ | ৪২৬ | ৩ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১৪ | সারিয়াকান্দি | ৬৬ | ৮২৩ | ৯ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১৫ | বাবুইপাড়া | ৬৭ | ৮৫১ | ১ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১৬ | ভেলাবাড়ী | ৮৪ | ৯৪২ | ২ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১৭ | কালাই | ০১ | ৪১১৪ | ৪ | কাহালু | বগুড়া |
| ১৮ | শিলকোগুর | ৪৮ | ১১৪৩ | ২ | কাহালু | বগুড়া |
| ১৯ | শীতলাই | ৮৩ | ৭৬৫ | ১ | কাহালু | বগুড়া |
| ২০ | ইসবপুর | ৮৭ | ১০৬২ | ২ | কাহালু | বগুড়া |
| ২১ | আগরসাল | ৯৫ | ৬১২ | ১ | কাহালু | বগুড়া |
| ২২ | ধানপুজা | ১১১ | ৬২১ | ১ | কাহালু | বগুড়া |
| ২৩ | পানাই | ১২৩ | ৮৪৪ | ১ | কাহালু | বগুড়া |
| ২৪ | ভালসন | ১৪৮ | ১৭৩৬ | ৩ | কাহালু | বগুড়া |
| ২৫ | সারিয়াকান্দী | ২৭ | ১২৯৯ | ২ | ধুনট | বগুড়া |
| ২৬ | নাটাবাড়ী | ৩২ | ১৭৩২ | ৩ | ধুনট | বগুড়া |
| ২৭ | খাদুলী | ৬৭ | ১৭৪৫ | ২ | ধুনট | বগুড়া |
| ২৮ | গুজিয়াবাড়ী | ৮২ | ১৫৭১ | ২ | ধুনট | বগুড়া |
| ২৯ | নেপালতলী | ৭০ | ১৯৩৪ | ২ | গাবতলী | বগুড়া |
| ৩০ | নওপাড়া | ৩৮ | ২৮৩ | ২ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০১.২৪.২৬৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955, এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কিসমত ছাওলা | ১৫৩ | ১৯৮৭ | ৩ | পীরগাছা | রংপুর |

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০২ | খামার বামুনিয়া | ৩০ | ১৪০৪ | ৩ | ডোমার | নীলফামারী |
| ০৩ | ঠাকুরগঞ্জ | ২ | ৯৭৯ | ৩ | ডিমলা | নীলফামারী |
| ০৪ | নিজ সুন্দরখাতা | ১২ | ১৩৬৭ | ৩ | ডিমলা | নীলফামারী |
| ০৫ | ছোট খাতা | ৪৩ | ১৮৮২ | ৪ | ডিমলা | নীলফামারী |
| ০৬ | উত্তর সোনাখুলী | ৫০ | ১৮০৪ | ৪ | ডিমলা | নীলফামারী |
| ০৭ | মুসরুত পানিয়ালপুকুর | ১৫ | ১৭৮৯ | ২ | কিশোরগঞ্জ | নীলফামারী |
| ০৮ | পুষনা | ৩৫ | ২০০৮ | ২ | কিশোরগঞ্জ | নীলফামারী |
| ০৯ | নলেয়া | ৪৭ | ৯৪৪ | ২ | ভূরুঙ্গামারী | কুড়িগ্রাম |
| ১০ | ভূরুঙ্গামারী | ৫১ | ১৮৮৮ | ৪ | ভূরুঙ্গামারী | কুড়িগ্রাম |
| ১১ | আরাজী পাইক ডাঙ্গা | ৫২ | ৩৩১ | ১ | ভূরুঙ্গামারী | কুড়িগ্রাম |
| ১২ | ছিট পাইকের ছড়া | ৫৪ | ১৩৮৬ | ৩ | ভূরুঙ্গামারী | কুড়িগ্রাম |
| ১৩ | পাড়া সাদুয়া | ৬৫ | ১০৪১ | ৩ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.২৬৭**—The State Acquisition And Tenancy Act. 1950(Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955, এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কায়স্থগ্রাম | ৩২ | ৮২১ | ০১ | গোপালগঞ্জ | সিলেট |
| ০২ | আলমখালী | ১৫ | ১১১২ | ০৪ | দোয়ারাবাজার | সুনামগঞ্জ |
| ০৩ | রঘুরামপুর | ১৬ | ২১৬ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ০৪ | হলহাদিয়া বেউন্দি | ২৮ | ৫০৪ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ০৫ | আমিরপুর | ৬৬ | ২৫৫ | ০১ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ০৬ | বাগীয়ারগাঁও | ১৬০ | ৭৫৬ | ০২ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ০৭ | উছমানপুর | ১৬৪ | ৯৩৪ | ০৪ | চুনারুঘাট | হবিগঞ্জ |
| ০৮ | কর্ম্মদা | ৭০ | ৪৪৭৩ | ০৫ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ০৯ | পৃথিমপাশা | ৮৬ | ১৯৮৫ | ০৩ | কুলাউড়া | মৌলভীবাজার |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭২.২৪.২৬৫**—The State Acquisition And Tenancy Act. 1950(Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955, এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সীট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বারাসত | ২ | ৫৪১১ | ১০ | তেরখাদা | খুলনা |
| ০২ | কাটিঙ্গা | ২৩ | ১৮৫০ | ০৫ | তেরখাদা | খুলনা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**
উপসচিব।